দামুড়হুদার নিউ বোস ব্রিক্সে দেদারছে পুড়ছে কাঠ, উজাড় হচ্ছে বাগান, দূষিত হচ্ছে পরিবেশ

সরকারি স্লোগান গাছ লাগান, পরিবেশ বাঁচান এই স্লোগান না মেনে অবাধে কাঠ দিয়ে ইট পোড়াচ্ছে দামুড়হুদা নিউ বোস ব্রিক্সে।

জানা যায়, সরকারি নির্দেশনা উপেক্ষা করে অবাধে কাঠ দিয়ে ইট পোড়ানো হচ্ছে দামুড়হুদার মোক্তারপুর নিউ বোস ব্রিকসে।

প্রতিদিন হাজার হাজার মণ কাঠ কিনে রাখা হচ্ছে ইট পোড়ানোর জন্য। কাঠের দাম বেশি হওয়ায় অনেক বাগান মালিক অর্থের লোভে বাগান বিক্রি করে কাঠ ব্যবসায়ীদের কাছে।

এক সময়ে প্রতি গ্রামের মাঠে মাঠে ও বসত ভিটায় ফলজ-বনজ ও ওষধি গাছ লাগানো হতো। এসব গাছ বড় প্রাপ্ত বয়স্ক হবার আগেই বিশেষ করে ফলজ ও বনজ কেটে ফেলা হচ্ছে। এখন বিশেষ করে আম গাছ, মেহুগনি, মহানিম, শিশু, ইপিলিইপিল সহ অন্যান্য গাছ ও কেটে ফেলা হচ্ছে। আর এসব গাছ বেশির ভাগই যাচ্ছে দামুড়হুদার মোক্তারপুর নিউ বোস ব্রিক্সে। নিউ বোস ব্রিকসের মালিক প্রভাবশালী হওয়ায় এসব কাঠ বেশি দামে ক্রয় করে থাকে।

এসব বাগান কেটে ফেলার ফলে পরিবেশ বিপর্যয়ের আশঙ্কা করছে পরিবেশবিদরা। এছাড়াও এই ইট ভাটাটি গড়ে উঠেছে ফসলি জমির মাঝখানে।

ইট ভাটার আশে পাশের ত্রি-ফসলি জমির মালিকরা অভিযোগ করে বলেন, ইট ভাটাটির কারণে আমাদের জমির উর্বর শক্তি কমে যাচ্ছে। ফলন কম হচ্ছে। দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মোঃ মনিরুজ্জামান বলেন, ফসলি জমির আশেপাশে ইটভাটা থাকলে ইট ভাটার আগুনের তাপে ফসলি জমির টপ সয়েল নষ্ট হয়। যার ফলে জমি তার উর্বর শক্তি হারিয়ে ফেলে। ফসলি জমির আশেপাশে এভাবে ইট ভাটা গড়ে ওঠায় কৃষির উপর বড় ধরণের প্রভাব পড়ছে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, কাঠ পোড়ানোর বিষয়টি আমি অবগত নই। ইট ভাটায় কাঠ পোড়ানা আইনত অপরাধ। যদি কেউ কাঠ দিয়ে ইট পোড়াই তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা

১৫ দিনের মধ্যে শেষ হবে কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য নির্মাণ

কুষ্টিয়া শহরের এনএস রোডের পাঁচ রাস্তা মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধুর ভাস্কর্য নির্মাণের কাজ আগামী ১৫ দিনের মধ্যে শেষ হবে বলে জানিয়েছেন ভাস্কর মাহবুব জামাল শামীম।

গতকাল বুধবার এ প্রতিবেদকের সঙ্গে তার কথা হয় ভাস্কর্য নির্মাণ স্থলে। তিনি বলেন, যদি ভাস্কর্য ভাঙচুরের ঘটনা না ঘটতো তবে অনেক আগেই এর নির্মাণ কাজ শেষ করা সম্ভব হতো।

তিনি আরো বলেন, গত ৪ ডিসেম্বর নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুরের পর মামলার কারণে এবং বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনগুলো ভাস্কর্যস্থলে বিক্ষোভ কর্মসূচী পালন করায় এর মেরামত ও নির্মাণ কাজ বেশ কয়েকদিন থেমে যায়।

ভাস্কর্যটি পাথর দ্বারা নির্মিত হওয়ার কারণে তা অনেকটা শক্ত হয়ে যায়। যে কারণে এটি সংস্কার কাজে বেশ সময় লেগে যায়। তার পরেও ভাস্কর শিল্পী আগামী ১৫ দিনের মধ্যে বঙ্গবন্ধুর তিনটি ভাস্কর্য ও এর বেজমেন্টে যে কাজগুলো রয়েছে তা শেষ করার আশাব্যক্ত করেন।

সরেজমিনে গিয়ে আরো দেখা যায় যে, ভাস্কর শামীমের সহকারী হিসেবে কয়েকজন ভাস্কর কর্মী সকাল থেকে রাত অবধি এর নির্মাণ কাজ করে চলেছেন।

এ বিষয়ে জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক এস এম কাদেরী শাকিল বলেন, এ ভাস্কর্য নির্মাণ হলে আগামী প্রজন্ম যেমন বঙ্গবন্ধুকে চিনবে, তেমনি তারা জানতে পারবে জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে মুক্তিযুদ্ধের বিনিময়ে পাওয়া বাংলাদেশকে। এ ভাস্কর্যটি ভাঙচুরে আমাদের কুষ্টিয়াবাসীর কপালে একটি কালো দাগ

একে দিয়েছে দুর্বৃত্তরা, যার ক্ষত আমাদের অনেকদিন বয়ে বেড়াতে হবে।

উল্লেখ্য, গত ৪ ডিসেম্বর রাতের আঁধারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন ভাস্কর্যের ডান হাত, পুরো মুখমন্ডল ও বাঁ হাতের অংশ বিশেষ ভেঙে ফেলে দুর্বৃত্তরা। পরদিন কুষ্টিয়া পৌরসভার সচিব কামাল উদ্দীন কুষ্টিয়া মডেল থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা করেন।

বিষয়টি দৃষ্টি গোচর হলে শহরের বঙ্গবন্ধু সুপার মার্কেট চত্বর ও থানা মোড়ে আওয়ামী, জাসদসহ বিভিন্ন রাজনৈতিক এবং সামাজিক সংগঠন বিক্ষোভ সমাবেশ, মিছিল ও মানববন্ধন করে। ক্ষোভে ফেঁটে পড়েন কুষ্টিয়ার সচেতন নাগরিক থেকে শুরু করে সকল শ্রেণীর মানুষ।

পরে সিসিটিভির ফুটেজের সাহায্যে ভাঙচুরে জড়িত দুই মাদ্রাসা ছাত্রকে পুলিশ গ্রেফতার করে। পরে দুই ছাত্রকে পালিয়ে যাওয়ার পরামর্শ দেওয়ার অভিযোগে একই মাদ্রাসার দুই শিক্ষককেও গ্রেফতার করে।

দুই ছাত্র হলেন, ইবনি মাসউদ মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র আবু বক্কর মিঠুন (১৯) এবং সবুজ ইসলাম ওরফে নাহিদ(২০)। দুই শিক্ষক হচ্ছেন, আল আমিন(২৭) এবং ইউসুফ আলী(২৬)। এরা সকলেই আদালতে বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেন। বর্তমানে সকলেই কারাগারে রয়েছে।

কুষ্টিয়া পৌরসভার উদ্যোগে শহরের ব্যস্ততম পাঁচ রাস্তার মোড়ে বঙ্গবন্ধুর ভাষ্কর্য নির্মাণের কাজ শুরু হয়েছে গত বছর নভেম্বর মাসে। একই বেদিতে বঙ্গবন্ধুর তিন ধরণের তিনটি ভাষ্কর্য নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া এই বেদিতে জাতীয় চার নেতার ভাষ্কর্যও থাকবে। দরপত্রের মাধ্যমে যশোরের ভাস্কর মাহবুব জামাল শামীম কার্যাদেশ পান। এতে ব্যয় ধরা হয়েছে প্রায় ৩০ লাখ টাকা।

আলমডাঙ্গায় ক্যারাভান রোড শো’র উদ্বোধন

মুজিববর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপজেলা পর্যায়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ক্যারাভান রোড শো’র উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১১ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলির সভাপতিত্বে প্রধান অতিথি উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন এ ক্যারাভান শো উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেযারম্যান সালমুন আহমেদ ডন, আলমডাঙ্গা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোফাক্ষারুল ইসলাম, খাদ্য নিয়ন্ত্রক রফিকুল ইসলাম, ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি এলএসডি মিয়ারাজ হুসাইন, জেলা নিরাপদ খাদ্য অফিসার মিলন মিয়া, জেলা খাদ্য পরিদর্শক আনিসুর রহমান প্রমুখ।

গাংনীতে কি মধু পেয়েছেন জাকির হোসেন?

এম এফ রুপক
মেহেরপুরের গাংনী প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার (পিআইও) কার্যালয়ের উপ-সহকারী প্রকৌশলী পদে চাকরি করেন জাকির হোসেন। একই পদে একই স্থানে কর্মরত আছেন বেশ কয়েক বছর। বদলীর চিঠি আসে যায়, কিন্তু জাকির হোসেন গাংনীতেই থেকে যান।

২০১৫ সালের ৬ ডিসেম্বর, গাংনী পিআইও অফিসে উপ-সহকারী প্রকৌশলী পদে চাকরিতে যোগদান করেন তিনি। ইতোমধ্যে একাধিকবার এসেছে বদলির আদেশ। নানা অনিয়ম দুর্নীতি করে ইতোমধ্যে একাধিকবার সংবাদ পত্রের শিরোনামও হয়েছেন তিনি। সম্প্রতি ২০২০ সালের নভেম্বরের ১৯, তারিখে জাকির হোসেনকে পুনরায় বদলী করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দাদপুর গ্রামের নজরুল ইসলাম রিতু নামে ওই হিজড়া এবার তাদের সম্প্রদায় থেকে বাংলাদেশের মধ্যে দ্বিতীয়তম প্রার্থী হচ্ছেন।

প্রসঙ্গত, এর আগে গেলো উপজেলা নির্বাচনে পার্শ্ববর্তী উপজেলা কোটচাদপুরের পিংকি খাতুন নামে এক হিজড়া উপজেলা ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন। এবং তিনি দেশের মধ্যে তৃতীয় লিঙ্গের প্রথম জনপ্রতিনিধির স্বীকৃতি পায়। এদিকে এখনও ইউপি নির্বাচনের তফশিল ঘোষণা না হলেও তার আগাম নির্বাচনী মহড়ায় কর্মকাণ্ডে শহর গ্রামাঞ্চলে বেশ আলোচিত হয়ে উঠেছেন।

গেলো তিন দিন আগে নজরুল ইসলাম রিতু তার শত শত কর্মী সমর্থক নিয়ে মাইক্, মোটরসাইকেল, সিএনজি ও নসিমন সহকারে নিজ এলাকা ও শহরে শোডাউন শেষে কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে আসেন। এরপর সেখানে দলীয় নেতাদের সঙ্গে কুশল বিনিময় শেষে তিনি তার প্রার্থীতা জানাতে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময়ে বসেন।

লাল সবুজ রংয়ের বাংলাদেশ আওয়ামী লীগ লেখা মাফলার পরিহিত রিতু নিজেকে আওয়ামী লীগের একজন সমর্থক দাবি করে বলেন, আগামী ইউপি নির্বাচনে তিনি দলীয় নৌকা প্রতীক পেতে আশাবাদী। এলাকার মানুষ তার পাশে রয়েছেন। তিনি দীর্ঘদিন ধরে এলাকার উন্নয়নে মাদরাসা, মসজিদ, মন্দির ও রাস্তা নির্মাণে সহযোগিতা ছাড়াও এলাকার দুঃস্থ অসহায় মানুষের পাশে থেকে কাজ করে যাচ্ছেন।

তৃতীয় লিঙ্গের এই প্রার্থী রিতু তার নিজের জীবন বৃত্তান্ত তুলে ধরতে গিয়ে সাংবাদিকদের বলেন, তার জন্মস্থান কালীগঞ্জ উপজেলার ত্রিলোচনপুর দাদপুর গ্রামে। মৃত আব্দুল কাদেরের সন্তান রিতু ছয় ভাই-বোনের মধ্যে তৃতীয়। তারা তিন ভাই ঢাকাতে থাকে ও বোনদের বিয়ে হয়ে গেছে। জন্মের পর তৃতীয় লিঙ্গের সনাক্তের কারণে পাঁচ বছর বয়সে তাকে গ্রাম ছেড়ে ঢাকাতে চলে যেতে হয়।

সামান্য লেখাপড়া করলেও সামাজিক নানা প্রতিবন্ধকতায় প্রাথমিকের গণ্ডি পেরোনো সম্ভব হয়নি। ছোটবেলা থেকেই ঢাকার ডেমরা থানাতে তার দলের গুরুমার কাছেই বেড়ে উঠেছেন। এখন তার বয়স ৪০ বছর। গুরুমার পরের দ্বায়িত্বটা তিনি পালন করছেন। তার দলে ৭০ জন হিজড়া আছে। বর্তমানে ঢাকাতে থাকলেও প্রতিনিয়ত তিনি তার গ্রামের বাড়ি দাদপুরে আসা-যাওয়া করতেন।

রিতু আরও জানান, ঢাকাতে তিনি তাদের তৃতীয় লিঙ্গের সম্প্রদায়ের দলে থাকলেও পরিবারের টানে প্রায়ই বাড়িতে আসতেন। তার কষ্টার্জিত

জমানো অর্থ দিয়ে বিগত প্রায় ১৫ বছর ধরে জন্মস্থান দাদপর গ্রামসহ ইউনিয়নবাসীর উন্নয়নে সহযোগিতা করছেন।

এলাকার মাদরাসা, মসজিদ মন্দিরের উন্নয়নে দান করেছেন অর্থ। এলাকার কেউ অসুস্থ বা কন্যাদায়গ্রস্থ হয়ে তার কাছে গিয়ে কখনো খালি হাতে ফিরতে হয়নি। সাধ্যমতো সহযোগিতা করতেন। কয়েক বছর আগে তার বাবার জমিতেই বানিয়েছেন একটি পাকা বাড়ি।

তৃতীয় লিঙ্গের মানুষ ও তার নির্বাচনে অংশ নেয়ার বিষয়ে বলতে গিয়ে রিতু জানায়, সৃষ্টিকর্তা আমাকে যেভাবে পৃথিবীতে আলোর মুখ দেখিয়েছেন তাতেই আমি খুশি। এলাকার মানুষ আমাকে ভালবাসে। তাই আমার কষ্টার্জিত অর্থ এলাকার মানুষের জন্য ব্যয় করে আনন্দ পাই। অত্র ইউনিয়নের গ্রামের মানুষের উৎসাহেই তিনি আগামী ইউপি নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হতে আগ্রহী হয়েছেন।

তিনি জানান, তার পরিবার আওয়ামী মনোভাবাপন্ন পরিবার। এছাড়াও স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীসহ এলাকার হাজার হাজার মানুষ তাকে সমর্থন করছেন। তিনি রাজনৈতিকভাবে দলের সক্রিয় কর্মী না হলেও নিজেকে আওয়ামী লীগের একজন একনিষ্ট সমর্থক বলে জানান। দলের নেত্রী জননেত্রী শেখ হাসিনা তাদের সম্প্রদায়ের জন্য ভোটাধিকার ও নানান সুযোগ সুবিধা করে দিয়েছেন।

স্থানীয় সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনারের সঙ্গে তার অনেক দিনের পরিচয়। তিনি তাকে ভালবাসেন এবং যোগ্য হিসেবে তাকে দলীয় মনোনয়ন দিবেন বলে আশাবাদী। সর্বশেষ রিতু তার জীবনটা এলাকার মানুষের সেবার জন্য উৎসর্গ করবেন বলে অভিমতও ব্যক্ত করেন।

রিতুর নির্বাচনী শো-ডাউনে আসা ওই ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামের শাকিল ও সাগর হোসেন জানান, তৃতীয় লিঙ্গের হিজড়া সম্প্রদায়ের রিতু আমাদের গ্রামেরই সন্তান। তিনি তাদের গ্রামের উন্নয়নে ও অসহায় গ্রামবাসীদের সহযোগিতা করে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে। তার সামর্থ্য অনুয়ায়ী গ্রামের রাস্তা মসজিদ মন্দিরসহ বিভিন্ন সামাজিক কাজে অর্থ দান করেছেন।

এছাড়াও প্রতিনিয়িত গ্রামের অভাবী, অসহায় কন্যাদ্বায়গ্রস্থ ও দরিদ্র অসুস্থ মানুষের জন্য তার সহযোগিতা চলমান আছে। শো-ডাউনে আসা বিভিন্ন গ্রামবাসীদের ভাষ্য মতে তার মতো একজন মানুষ জনপ্রতিনিধি নির্বাচিত হলে এলাকার উন্নয়ন আরও ত্বরান্বিত হবে।

[redacted]

[redacted]

[redacted]!

কোনো পদ নেই। এটা আশরাফুল ইসলাম এর সৃস্ট একটি পদ।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক জানান, সম্প্রতি স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম যুবলীগ নেতা দাবী করে প্রচার প্রচারণা চালাচ্ছেন। অথচ তার কোন পদ নেই। নির্বাচনে দলীয় ফায়দা লুটতেই তিনি এসব অপপ্রচার চালাচ্ছেন।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম বাবু বলেন, নির্বাচনে দলীয় প্রার্থীকে বিজয়ী করার জন্য দল ও এর অঙ্গ সংগঠন সমূহু যখন এক কাতারে তখন ভুই ফোড় নেতা পরিচয় দিয়ে একজন নির্বাচনী ফায়দা লুটবে তা হতে দেয়া সম্ভব নয়।

গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশারফ হোসেন জানান, আশরাফুল ইসলাম স্বঘোষিত নেতা হিসেবে বিভিন্ন জায়গায় পরিচয় দিচ্ছেন। বেশ কয়েকবার তার কাছে প্রয়োজনীয় কাগজ চাওয়া হলেও তিনি দিতে পারেননি। সম্প্রতি তিনি নিজের লোক দিয়ে প্রচার মাইক ভাঙচুর করে আওয়ামী লীগের উপর দোষ চাপাচ্ছেন। যাতে প্রশাসনের দৃষ্টি অন্য দিকে ঘুরে যায়।
সাবেক উপজেলা চেয়ারম্যান কেএম শফিকুল আলম বলেন, নির্বাচনী প্রচারে বিএনপি প্রার্থী কোন অভিযোগ করছেন না। কোথাও বাঁধার সম্মুখীন হয়েছেন বলেও অভিযোগ করেন নি।

গাংনী পৌর এলাকা জুড়ে বিভিন্ন প্রার্থীর প্রচারণা লিফলেট ও পোস্টার ছেয়ে গেছে। কারো পোস্টারের একটি কোনাও ছেড়া নেই। অথচ আশরাফুল ইসলাম অভিযোগ করছেন হুমকী ধামকী দেয়ার। এটা মিথ্যাচার ছাড়া কিছুই না। তিনি আরো বলেন, আশরাফুল ইসলাম যদি দলের কেউ হবে তাহলে তিনি স্বতন্ত্র প্রার্থী হন কিভাবে? আসলে তিনি দলের কেউ নন।

সাবেক এমপি মকবুল হোসেন জানান, নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করার জন্য সরকার যে নির্দেশনা দিয়েছেন সে অনুযায়ি দলের লোকজন কাজ করে যাচ্ছেন। কোন অপপ্রচার নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করতে পারবেন না। এবিষয়ে স্বতন্ত্রপ্রার্থী আশরাফুল ইসলামের সাথে কথা বলতে চাইলে তিনি তার বাসায় যেতে বলেন। পরে কয়েকজন সাংবাদিক সেখানে গেলে অনেকক্ষণ অপেক্ষার পর তিনি তার মোবাইল ফোনটি বন্ধ রেখে দেন। পরে তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

অনুষ্ঠানে আওয়ামী লীগ ও এর বিভিন্ন সংগঠনের নেতাকর্মী ছাড়াও গাংনী প্রেস ক্লাবের সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]: [illegible]

[illegible]

ক। স্টোর কিপার-০১	খ। ফার্মাসিস্ট-০১	গ। ল্যাবরেটরি এ্যাসিসট্যান্ট-০৩	ঘ। ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট-০১
ঙ। সিকিউরিটি ইন্সপেক্টর-০৭	চ। উচ্চমান করণিক-১০	ছ। হেড মেকানিক-০৩	জ। ড্রাফটসম্যান-০৩
ঝ। হিসাব রক্ষক-০১	ঞ। মিল্ক রেকর্ডার-০১	ট। বয়লার অপারেটর-০২	ঠ। সহকারী সুপারভাইজার-০১
ড। কেমিস্ট-০১	ঢ। ড্রাইভার রিকোভারী-০১	ণ। সহিষ-০২	ত। কার্পেন্টার-১৬
থ। ফিটার-০৩	দ। স্টোরম্যান-৩৪	ধ। নিরাপত্তা প্রহরী-৬৫	ন। বুক বাইন্ডার-০১
প। গ্রাউন্ডসম্যান-০১	ফ। ভিউয়ার-০১	ব। ইনসেমিনেটর-০১	ভ। ফায়ার কু-০২
ম। পেইন্টার-০৯	য। ওয়ার্ডবয়-৩৩	র। আয়া-১৫	ল। টিনস্মীথ-০৯
শ। জিসি'স অর্ডারলী-২০	ষ। মিল্ক রুম কুলি-০১	স। ইলেকট্রিশিয়ান-০৯	হ। হসপিটাল অর্ডারলী-০১
ড়। বারবার-০৫	ঢ়। প্যাকার-১২	য়। মিল্ক ডেলিভারীম্যান-০১	ককা আপহোলস্টার-০১
খখ। ফায়ারম্যান-২৯	গগ। ইউএসএম-১৪০	ঘঘ। গোয়ালা-০২	ঙঙ। ইলেক্ট এমভী (এসএস-২)-০১
চচ। সার্চার-০২	ছছ। মালী-১৯	জজ। টানার-০১	ঝঝ। বাবুর্চি/এনসি (ইউ) বাবুর্চি-৪৬
ঞঞ। পাম্প ড্রাইভার-০২	টট। প্লান্ট অপারেটর-০১	ঠঠ। ওয়াসারম্যান/ধোপা-১০	ডড। টেইলার (ইউ)/টেইলার-১২
ঢঢ। ফটোকপি অপারেটর-০১	ণণ। ব্রিক লেয়ার-০১	ততা ব্লাকস্মীথ-০২	থথ। অফিস সহায়ক/বার্তাবাহক-৩৬
দদ। এক্সচেঞ্জ অপারেটর/টেলিফোন অপারেটর-০৪		ধধ। ইএন্ডবিআর/এনসি (ইউ) ইএন্ডবিআর-০৯	
নন। পরিচ্ছন্নতা কর্মী/এনসি (ইউ) পরিচ্ছন্নতা কর্মী-৭২		পপ। ভেটেরিনারী ফিল্ড এ্যাসিসট্যান্ট (ভিএফএ)-০৮	
ফফ। সহকারী বাবুর্চি/এনসি (ইউ) সহকারী বাবুর্চি-১৬		বব। এন্টি ম্যালেরিয়া ইন্সপেক্টর (এএমআই)-০১	
ভভ। মেসওয়েটার/এনসি (ইউ) মেসওয়েটার-৪২		মম। সিভিল মেকানিক্যাল ড্রাইভার/সিএমডি/ড্রাইভার/ড্রাইভার এমটি-২২	
য য। ফার্ম লেবার (কাফ এ্যাটেনডেন্ট/কাল্টিভেশন/পরিচ্ছন্নতা কর্মী/ডেইরী পরিচ্ছন্নতা কর্মী)-১০			
ররা অফিস করণিক/অফিস করণিক কাম টাইপিস্ট/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-৭৩			

[illegible]: [illegible]/[illegible]
[illegible]: [illegible]
[illegible]: [illegible]-[illegible]
[illegible]: [illegible]

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.army.mil.bd এর মাধ্যমে আবেদনপত্র ও নিয়োগ সম্পর্কে জানতে পারবেন।

আবেদনের শেষ সময়: ০৬ ফেব্রুয়ারি ২০২১

সূত্র: জাগোজবস ডটকম

মুজিবনগরে নির্মান কাজ পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের পরিচালক

মুজিবনগরে গৃহহীনদের দেওয়া নতুন ঘর নির্মান কাজের অগ্রগতি পরিদর্শন করেছেন প্রধান মন্ত্রীর কার্যালয়ের পরিচালক-৩ মুহাম্মদ শাহীন ইমরান।

বুধবার দুপুর ৩ টার সময় তিনি মহাজনপুর গ্রামে ৪ জন জমি এবং গৃহহীন মানুষকে দেওয়া প্রধানমন্ত্রী উপহার দূর্যোগ সহনীয় ঘর তৈরির অগ্রগতি পরিদর্শন করেন।

এ সময় স্থানীয় সরকারের উপপরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম,মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম,মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু উপস্থিত ছিলেন।

পরে তিনি মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করেন।